Bengali



**2022**

# BENGALI

( Honours )

Paper : BEN–HC–3016

**( Lokosanskriti O Lokosahitya )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) ‘‘এই কথা? কালই আমি মৃগয়ায় যাইব?’’ বক্তা কে?

(i) মন্ত্রী

(ii) সেনাপতি

(iii) রাজা

(iv) গৃহস্থ

(খ) ‘কিরণমালা’ গল্পে ছোটবোনের কার সঙ্গে বিয়ে হয়েছিল?

(i) রাজবাড়ির ঘেসেড়া

(ii) রাজা

(iii) রাজবাড়ির সূপকার

(iv) মন্ত্রী



( Turn Over )

vivo Y20G
May 22, 2024, 12:53

(গ) 'সাত ভাই চম্পা' গল্পে দেমাকে কাদের মাটিতে পা পড়তো না ?

*(i)* দুয়োরাণী ও মেজরাণীর

*(ii)* বড়রাণীদের

*(iii)* ছোটরাণী ও তার ছেলেমেয়েদের

*(iv)* পুরুত ও মালীর

(ঘ) রাজা কাকে সকলের চেয়ে বেশি ভালবাসতেন ?

*(i)* বড়রাণীকে

*(ii)* ছেলেদেরকে

*(iii)* ছোটরাণীকে

*(iv)* পারুলকে

(ঙ) রাধার প্রেমে মাতোয়ারা হয়ে চাঁদগৌর কোথায় গড়াগড়ি দিচ্ছিলেন ?

*(i)* বক্ষে

*(ii)* ব্রজের কুলে

*(iii)* হৃদ্ মাঝারে

*(iv)* ধূলায়

(চ) মন মাঝি কীসের আশায় কাঁদছিল ?

*(i)* সুখের আশায়

*(ii)* ভাটির আশায়

*(iii)* উজানের আশায়

*(iv)* আনন্দের আশায়

(ছ) 'খাঁচার ভিতর অচিন পাখী' লোকগানটিতে খাঁচা খুলে পাখীটির কোথায় পালিয়ে যাওয়ার কথা রয়েছে?

(i) বনে

(ii) নদীতে

(iii) আকাশে

(iv) পাশের গ্রামে

(জ) সধবা মেয়েদের একটি খুব বড় ব্রত হল

(i) মাঘমণ্ডল ব্রত

(ii) পুণ্যিপুকুর ব্রত

(iii) কুক্কুটীব্রত

(iv) লক্ষ্মীব্রত

(ঝ) কোজাগর ব্রতে লক্ষ্মীসরার উর্ধ্বে কী থাকে?

(i) আধখানা নারিকেলের মালই

(ii) কলার খালুই

(iii) পিটুলির পুতুল

(iv) আলপনা

(ঞ) লক্ষ্মীপূজা কোন্ সময়ে হয়?

(i) সকালবেলা

(ii) দুপুরবেলা

(iii) সন্ধ্যার সময়

(iv) মাঝরাতে

(ট) কিরণমালার জন্মের সময় তার হাত-পা কীসের মতো ছিল?

(i) লোহার মতো

(ii) ফুলের মতো

(iii) কাঠের মতো

(iv) তুলার মতো

(ঠ) 'সাত ভাই চম্পা' গল্পে ছোটরাণীর দুঃখে কী শুকিয়ে গিয়েছিল?

(i) নদী

(ii) নালা

(iii) নদীনালা

(iv) খাল

(ড) 'মন মাঝি তোর বৈঠা নে রে' শীর্ষক লোকগানটিতে কবি কোন্ দেশে দুঃখের নদী বয়ে যাওয়ার কথা বলেছেন?

(i) রূপনগরে

(ii) বিষাদপুরে

(iii) দুখের দেশে

(iv) প্রেতপুরীতে

(ঢ) 'মন মাঝি তোর বৈঠা নে রে' শীর্ষক লোকগানটিতে কবি কোন্ বেলায় পাড়ি দিয়েছিলেন?

(i) অপর বেলায়

(ii) সন্ধ্যাবেলায়

(iii) সকালবেলায়

(iv) দুপুরবেলায়

(ণ) 'মন মাঝি তোর বৈঠা নে রে' লোকগানটিতে কবি সারাজীবন উজান বেয়েও কীসের নাগাল পাননি?

(i) ভাটির

(ii) সুখের

(iii) প্রেমের

(iv) ভগবানের

(ত) "কুয়া ভাঙ্গুম, কুয়া ভাঙ্গুম, বেৎলার আগে।" এখানে 'কুয়া' শব্দটির অর্থ কী ?

(i) কূপ

(ii) কুয়াশা

(iii) বিল

(iv) খাল

(থ) "কাউয়ায় করে কলমল! কোকিলে করে ধ্বনি!" এখানে 'কাউয়া' বলতে কী বোঝানো হয়েছে ?

(i) কাক

(ii) টিয়া

(iii) শালিক

(iv) কাকাতুয়া

(দ) আমাদের দেশে দ্বিতীয় লক্ষ্মীব্রত কোন্ মাসে করা হয় ?

(i) ফাল্গুন মাসে

(ii) অগ্রহায়ণ মাসে

(iii) আশ্বিন মাসে

(iv) ভাদ্রমাসে

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

(ক) "ও মা, মা, পুঁটির যে সাধ!!" উক্তিটির বক্তা কারা ?

(খ) 'সাত ভাই চম্পা' গল্পে পাঁশগাদার উপরে কী কী ফুল ফুটেছিল ?

(গ) তোমার পঠিত 'হৃদ্ মাঝারে' লোকগীতিতে গীতিকার কোন্ জায়গার কুলে যেতে চেয়েছেন? সেখানে তিনি পায়ে কী মাখতে চেয়েছেন?

(ঘ) 'খাঁচার ভিতর অচিন পাখী' লোকগানটির কবি কে? কবি পাখীকে ধরতে পারলে তার পায়ে কী দিতেন বলে গানটিতে উল্লেখ রয়েছে?

(ঙ) 'হৃদ্ মাঝারে' লোকগানটির প্রথম ও শেষ পংক্তি দুটি লেখো।

(চ) ব্রতকথা কয় প্রকার ও কী কী?

(ছ) আলপনার দুটি প্রধান অঙ্গের নাম লেখো।

(জ) 'কিরণমালা' গল্পে রাজা গৃহস্থের বড় দুই মেয়েকে কাদের সঙ্গে বিয়ে দিয়েছিলেন?

(ঝ) 'কিরণমালা' গল্পে মায়াপাহাড়ে পাথর হয়ে যাওয়া রাজপুত্রদের কে, কীসের দ্বারা প্রাণ ফিরিয়ে দিয়েছিল?

(ঞ) 'বাংলার ব্রত' গ্রন্থে লক্ষ্মীর কাপড় ও গায়ে কী রঙ দেওয়া হয় বলে লেখক উল্লেখ করেছেন?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) 'কিরণমালা' গল্পে রাজার সঙ্গে অরুণ, বরুণ ও কিরণমালার প্রথম সাক্ষাতের ঘটনাটি লেখো।

(খ) 'সাত ভাই চম্পা' গল্পটিতে সোনার শিকলটি কয়বার এবং কী কারণে নাড়া দেওয়া হয়েছিল সে সম্পর্কে লেখো।

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“মন মাঝি তুই বেভুল যেমন
আমি কপাল পুরা তেমন।
সুখ দুখের কিনার পাইলাম না
আমি আর বাইতে পারলাম না।”

(ঘ) ‘হৃদ্ মাঝারে’ লোকগানটিতে কবি গৌরাঙ্গ মহাপ্রভুর যে বর্ণনা দিয়েছেন তা সংক্ষেপে লেখো।

(ঙ) ব্রতকথার আদর্শ বিষয়ে লেখো।

(চ) মাঘমণ্ডল ব্রতকে কুমারীব্রত বলা যায় কি? যুক্তিসহ তোমার অভিমত দাও।

(ছ) “ছোটরাণী ঘুঁটেকুড়ানী দাসী হইয়া পথে পথে ঘুরিতে লাগিলেন।” ‘সাত ভাই চম্পা’ গল্প অবলম্বনে ছোটরাণীর এই দুর্দশার কারণ সম্পর্কে লেখো।

(জ) ‘পুণ্যিপুকুর’ ব্রত সম্পর্কে যা জান লেখো।

৪। (ক) অরুণ, বরুণ, কিরণমালা কর্তৃক রাজাকে নিমন্ত্রণ পর্ব ও তার ফলাফল বিশদে লেখো। ১০

*অথবা*

(খ) ‘সাত ভাই চম্পা’ গল্পে বড়রাণীদের চরিত্রের বিশেষত্ব সম্পর্কে আলোচনা করো।

*অথবা*

(গ) ‘কিরণমালা’ গল্পের গৃহস্থের তিনকন্যার বিবাহ-বৃত্তান্ত সবিস্তারে বর্ণনা করো।

( Turn Over )

৫। (ক) তোমার পঠিত 'খাঁচার ভিতর অচিন পাখী' গানটি বাউলগান হিসেবে কতটা সার্থকতা লাভ করেছে সে বিষয়ে বুঝিয়ে লেখো। ১০

অথবা

(খ) 'আমি যে গহীন গাঙের নাইয়া' শীর্ষক লোকসঙ্গীতটির বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

অথবা

(গ) লোকগান বলতে কী বোঝ? লোকগানের বৈশিষ্ট্য তোমার পঠিত লোকগান অবলম্বনে বুঝিয়ে লেখো।

৬। (ক) মাঘমণ্ডল ব্রত বিষয়ে যা জান লেখো। ১০

অথবা

(খ) সংক্ষেপে আলোচনা করো : ৫+৫=১০

ব্রতক্রিয়ার উৎপত্তির কারণ; অন্য ব্রত।

৭। (ক) 'রূপকথা' হিসেবে 'সাত ভাই চম্পা' গল্পের সার্থকতা বিচার করো। ১০

অথবা

(খ) ব্রতের বৈশিষ্ট্য তোমার পঠিত বিভিন্ন ব্রতকথা থেকে বুঝিয়ে লেখো।

★★★

# BENGALI

## ( Honours )

Paper : BEN–HC–3026

**( Chanda, Alangkar, Prachya Kabyatattwa )**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) চরণের আদি থেকে পরবর্তী যতি পর্যন্ত একটি কবিতার চরণাংশকে কী বলে?

(পর্ব/পূর্ণযতি/পংক্তি/ছেদ)

(খ) শূন্যস্থান পূর্ণ করো :

"ছন্দের মূলভিত্তি একটা ঐক্য। সেই ঐক্যের পরিচয় আমরা পাই ______ ব্যবহারে।"

(অক্ষরের/যতির/পর্বের/ছেদের)

(গ) মাত্রা বিচারের জন্য বাংলা অক্ষরকে কতগুলো শ্রেণিতে ভাগ করা যায়?

(চার/তিন/দুই/এক)

(ঘ) এই কথা শুনি আমি। আইনু পূজিতে॥
পা দুখানি।**আনিয়াছি। কৌটায় ভরিয়া॥
সিন্দুর।** করিলে আজ্ঞা *। সুন্দর ললাটে॥
দিব ফোঁটা।**

এই ছন্দোলিপিটিতে কতগুলো ছেদচিহ্ন আছে?

(তিন/চার/পাঁচ/ছয়)

(ঙ) মৌলিক স্বরান্ত অক্ষর সাধারণত কত মাত্রার বলে গণ্য করা হয়?

(এক/দুই/তিন/চার)

(চ) ধ্বনিপ্রধান ছন্দে একটি পূর্ণ পর্বের সর্বনিম্ন মাত্রাসংখ্যা কোনটি?

(চার/পাঁচ/ছয়/সাত)

(ছ) "গুরুগুরু মেঘ গুমরি গুমরি
গরজে গগনে গগনে, গরজে গগনে।"

এখানে 'গ'-ধ্বনির অনুপ্রাস কতবার আবৃত হয়েছে?

(আট/দশ/বারো/চোদ্দো)

(জ) কোন্ ধরনের অনুপ্রাসকে অন্ত্যানুপ্রাসের সহকারিরূপে গ্রহণ করা যায়?

(শ্রুত্যনুপ্রাস/ছেকানুপ্রাস/বৃত্তানুপ্রাস/সর্বানুপ্রাস)

(ঝ) শব্দকে না ভেঙে, পূর্ণরূপে রেখে একাধিক অর্থে যদি তার প্রয়োগ করা হয় তবে কোন্ অলংকার হয়?

(যমক/অভঙ্গ শ্লেষ/সভঙ্গ শ্লেষ/রূপক)



vivo Y20G
May 22, 2024, 13:04

(ঞ) "শিশুকুসগুলি তোমারে ঘেরিয়া ফুটে।" এটি কোন্ অলংকারের দৃষ্টান্ত?

(উপমা/উৎপ্রেক্ষা/রূপক/বিরোধাভাস)

(ট) "উৎপ্রেক্ষা ও সন্দেহ অলংকারের মধ্যে প্রধান পার্থক্য হল উৎপ্রেক্ষায় এককোটিক সংশয় আছে, সন্দেহতে তা দ্বিকোটিক।" এই মন্তব্য সম্পর্কে কোন্ অভিমতটি যথার্থ?

(শুদ্ধ/অশুদ্ধ/অর্ধসত্য/ভিত্তিহীন)

(ঠ) "এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ
মরণে তাহাই তুমি করে গেলে দান।"

এটি কোন্ অলংকারের দৃষ্টান্ত?

(অন্ত্যানুপ্রাস/বিরোধাভাস/সমাসোক্তি/নিশ্চয়)

(ড) আলংকারিকদের মতে স্থায়ীভাবের সংখ্যা কয়টি?

(ছয়/সাত/আট/নয়)

(ঢ) শৃঙ্গাররসের স্থায়ীভাবের নাম কী?

(উৎসাহ/জুগুপ্সা/হাস/রতি)

(ণ) স্থায়ীভাব 'জুগুপ্সা' কোন্ রসে পরিণত হয়?

(শৃঙ্গার/করুণ/বীভৎস/বীর)

(ত) 'সাহিত্যদর্পণ' গ্রন্থের রচয়িতা কে?

(ভরতমুনি/আনন্দবর্ধন/
বিশ্বনাথ কবিরাজ/ভবভূতি)



vivo Y20G
May 22, 2024, 13:0

(থ) "কাব্যং গ্রাহ্যমলংকারাৎ" উক্তিটি কার ?

(আচার্য বামন/অভিনবগুপ্ত/
বিশ্বনাথ কবিরাজ/দণ্ডিন)

(দ) 'ধ্বন্যালোকঃ' গ্রন্থটি কার রচনা ?

(ভামহ/বিশ্বনাথ কবিরাজ/আনন্দবর্ধন/অভিনবগুপ্ত)

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :

২×৫=১০

(ক) নিম্নলিখিত পদ দুটির প্রত্যেকটিতে মোট অক্ষর সংখ্যা কত ?

তীর্থস্থান; ঈশ্বরী

(খ) "তালপাতার ঐ পুঁথির ভিতর ধর্ম আছে বললে কে" এই পংক্তিতে যতিচিহ্ন বসাও।

(গ) 'অক্ষরের শোষণশক্তি' কোন্ ছন্দের গুণ ? এই শোষণশক্তির বিষয়টি কে প্রথম দেখিয়ে দিয়েছিলেন ?

(ঘ) একাদিক্রমে তানপ্রধান এবং ধ্বনিপ্রধান ছন্দের রীতি অনুযায়ী যে কোনো একটি পদের মাত্রাসংখ্যা নির্ণয় করো :

চঞ্চল অথবা বিদ্যাসাগর

(ঙ) পূর্ণোপমা অলংকারে কয়টি অঙ্গ স্পষ্টভাবে উল্লেখ থাকে ? যে কোনো একটি অঙ্গের নাম লেখো।

vivo Y20G
May 22, 2024, 13:05

(চ) কবিপ্রতিভা থেকে উত্থিত সংশয়বোধের দ্বারা অলংকার তৈরি হয় এমন দুটি অলংকারের নাম লেখো।

(ছ) ব্যাজস্তুতি অলংকারের উদাহরণ হিসাবে দুটি পংক্তির উল্লেখ করো।

(জ) "এবংবাদিনী দেবর্ষৌ পার্শ্বে পিতুরধোমুখী
লীলাকমলপত্রাণি গণয়ামাস পার্বতী।"

এই শ্লোকাংশটি কার রচনা? এটি কোন্ গ্রন্থে সন্নিবিষ্ট?

(ঝ) স-ব্যঙ্গ্যকাব্যের দুটি ভাগের নাম লেখো।

(ঞ) দুই প্রকার বিভাবের নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) টীকা লেখো :

যতি; পর্ব

(খ) উপমান ও উপমেয় কাকে বলে? উৎপ্রেক্ষা অলংকারে উপমান ও উপমেয়র সম্পর্ক কীভাবে দেখানো যায় তা একটি উদাহরণের সাহায্যে স্পষ্ট করো।

(গ) সঞ্চারীভাব ও অনুভাবের মধ্যে পার্থক্য কোথায় তা উদাহরণ দিয়ে দেখাও।

(ঘ) সাধারণীকরণ কাকে বলে? উদাহরণ দাও।

(ঙ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"নন্দলাল তো একদা একটা করিল ভীষণ পণ—
স্বদেশের তরে, যা করেই হোক, রাখিবেই সে জীবন।"



vivo Y20G
May 22, 2024, 13:05

(চ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"আকাশ জুড়ে ঢল নেমেছে সুয্যি ঢলেছে
চাঁচর চুলে জলের গুঁড়ি, মুক্তো ফলেছে।"

(ছ) তোমার সিদ্ধান্তের কারণ নির্দেশ করে অলংকার নির্ণয় করো :

"রঞ্জিত মেঘের মাঝে তুষারধবল
তোমার প্রাসাদসৌধ,"

(জ) তোমার সিদ্ধান্তের কারণ নির্দেশ করে অলংকার নির্ণয় করো :

"ও নহে গগন সুনীল সিন্ধু
তারার পুঞ্জ নহে ও, ফেনার রাশি।"

৪। তিনটি গুচ্ছ থেকে ন্যূনতম একটি করে নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

ক-গুচ্ছ

(ক) উপমা অলংকারের সংজ্ঞা নির্দেশ করো। কত ধরনের উপমা অলংকার হয় তা উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও।

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখো :

শ্লেষ; যমক; বিরোধাভাস; নিশ্চয়



( Continued )

vivo Y20G
May 22, 2024, 13:05

(গ) নিম্নলিখিত যে কোনো দুটি জোড়ের তুলনামূলক আলোচনা করো :

(১) বিরোধাভাস ও ব্যাজস্তুতি

(২) অতিশয়োক্তি ও সমাসোক্তি

(৩) অপহ্নুতি ও নিশ্চয়

খ-গুচ্ছ

(ঘ) 'বাংলা ছন্দের মূলসূত্র' গ্রন্থ অবলম্বনে উদাহরণসহ অক্ষরের শ্রেণিবিভাগ করো।

(ঙ) মাত্রা কাকে বলে? বিভিন্ন ছন্দের অক্ষরের অবস্থান অনুযায়ী কীভাবে অক্ষরের মাত্রা স্থির হয় তা বিশ্লেষণ করো।

(চ) উদাহরণসহ শ্বাসাঘাত-প্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলো লেখো।

(ছ) উদাহরণসহ ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলো লেখো।

গ-গুচ্ছ

(জ) লৌকিক ভাব কীভাবে অলৌকিক রসে পরিণত হয় তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(ঝ) গুণীভূত ব্যঙ্গ্যকাব্য ও ধ্বনির সংজ্ঞা নির্দেশ করে উভয়ের মধ্যে পার্থক্য কোথায় তা উদাহরণসহ আলোচনা করো।

(ঞ) বিভাব, অনুভাব ও সঞ্চারীভাব কোনগুলোকে বলে তা উদাহরণ দিয়ে বোঝাও।

* * *



vivo Y20G
May 22, 2024, 13:05

**2022**

# BENGALI

## ( Honours )

Paper : BEN–HC–3036

**[ বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ]**

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) : ১×১০=১০

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি কে আবিষ্কার করেছিলেন?

(খ) সৈয়দ আলাওল কোন্ রাজার সভাকবি ছিলেন?

(গ) নাথ সাহিত্যের গোরক্ষনাথের গুরুর নাম কী?

(ঘ) 'চৈতন্যভাগবত' গ্রন্থটি কয়টি খণ্ডে বিভক্ত?

(ঙ) বিজয়গুপ্ত 'মনসামঙ্গল'-এর কোন্ ধারার কবি?

(চ) মুকুন্দ চক্রবর্তীর গ্রন্থটি কোন্ নামে সমধিক পরিচিত?

(ছ) ঘনরাম চক্রবর্তী কোন্ শতকের কবি?

(জ) মালাধর বসু কোন্ উপাধিতে ভূষিত হয়েছিলেন?

(ঝ) শ্রীকর নন্দীর পৃষ্ঠপোষকের নাম কী?

(ঞ) কবীন্দ্র পরমেশ্বর বাংলার কোন্ অঞ্চলের কবি ছিলেন?

(ট) কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর চৈতন্য-জীবনী কাব্যগ্রন্থখানির নাম কী?

(ঠ) 'অন্নপূর্ণামঙ্গল' বা 'মানসিংহ' কাব্যগ্রন্থের কবির নাম লেখো।

(ড) 'মনসামঙ্গল'-এর কোন্ কবি 'সুকবিবল্লভ' বা 'কবিবল্লভ' খেতাব লাভ করেছিলেন?

(ঢ) 'মনসামঙ্গল'-এর কবি নারায়ণ দেবের পূর্বপুরুষের আদিনিবাস কোন্ অঞ্চলে ছিল?

(ণ) কাশীরাম দাসের পৈতৃক উপাধি কী ছিল?

(ত) শ্রীকর নন্দী কোন্ গ্রন্থ অবলম্বনে 'মহাভারত'-এর 'অশ্বমেধ পর্ব' অনুবাদ করেছিলেন?

(থ) কাশীরাম দাস 'মহাভারত'-এর কয়টি পর্ব অনুবাদ করেছিলেন বলে গবেষকরা মনে করেন?

(দ) কবীন্দ্র পরমেশ্বর কোন্ শাসনকর্তার সভাকবি ছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

(ক) 'চর্যাপদ'-এর গ্রন্থটি কত খ্রিস্টাব্দে এবং কোন্ স্থান থেকে আবিষ্কার করা হয়েছিল?

(খ) ভারতচন্দ্রের যে কোনো দুটি কাব্যের নাম উল্লেখ করো।

(গ) সৈয়দ আলাওল কোন্ বিখ্যাত কবির অর্ধসমাপ্ত কাব্য সমাপ্ত করেছিলেন? সেই কাব্যখানির নাম কী?

(ঘ) ধর্মপূজার আদি পুরোহিতের নাম কী? তাঁর রচিত ধর্মগ্রন্থটির নাম কী?

(ঙ) বাংলার 'ভাগবতপুরাণ'-এর প্রথম অনুবাদক কে? তাঁর পিতা ও মাতার নাম কী?

(চ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুঁথি কে, কোথা থেকে আবিষ্কার করেছিলেন?

(ছ) 'চর্যাপদ'-এর পুঁথিতে মোট কয়টি পদ পাওয়া গেছে? কতজন পদকর্তা এই পদগুলি রচনা করেছিলেন?

(জ) কৃত্তিবাস ওঝার পারিবারিক উপাধি কী ছিল? তাঁর পিতা কে ছিলেন?

(ঝ) কৃত্তিবাসের 'রামায়ণ পাঁচালী' প্রথম কোথা থেকে, কার উদ্যোগে মুদ্রিত হয়?

(ঞ) রূপরাম চক্রবর্তী কোন্ জেলার কোন্ বংশে জন্মগ্রহণ করেন?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) সৈয়দ আলাওলের 'পদ্মাবতী' কাব্যের পরিচয় দাও।

(খ) চৈতন্য-জীবনীকার হিসেবে কৃষ্ণদাস কবিরাজের কৃতিত্ব বিচার করো।

(গ) 'মনসামঙ্গল'-এর কবি নারায়ণ দেবের কাব্যবৈশিষ্ট্য আলোচনা করো।

(ঘ) ঘনরাম চক্রবর্তীর 'ধর্মমঙ্গল'-এর বৈশিষ্ট্য বিচার করো।

(ঙ) মালাধর বসুর ভাগবতের অনুবাদ সম্বন্ধে যা জান লেখো।

(চ) 'রামায়ণ' অনুবাদে কৃত্তিবাসের কৃতিত্ব বিশ্লেষণ করো।

(ছ) 'চর্যাপদ' গ্রন্থের নামকরণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(জ) নাথ সাহিত্যের গোরক্ষনাথ বৃত্তের কাহিনি সম্পর্কে যা জান লেখো।

(ঝ) 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার কবি দ্বিজমাধবের কাব্যের পরিচয় দাও।



vivo Y20G
May 22, 2024, 13:06

৪। (ক) 'চর্যাপদ' সম্পর্কে যা জান লেখো। ১০

*অথবা*

(খ) শাক্তপদকর্তা রামপ্রসাদ সেনের কবিপ্রতিভা সম্বন্ধে আলোচনা করো।

*অথবা*

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যগ্রন্থের বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৫। (ক) 'মনসামঙ্গল' কাব্যধারায় বিজয়গুপ্তের অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর প্রতিভার যথাযথ পরিচয় দাও।

*অথবা*

(গ) 'ধর্মমঙ্গল' কাব্যের কাহিনির বর্ণনা দাও।

৬। (ক) 'মহাভারত'-এর বাংলা অনুবাদক হিসেবে কাশীরাম দাসের কাব্যপ্রতিভা আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'মহাভারত' অনুবাদে শ্রীকর নন্দী ও কবীন্দ্র পরমেশ্বরের গুরুত্ব নির্ণয় করো।

৭। (ক) মধ্যযুগের বাংলা অনুবাদ সাহিত্যের বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) কবি দৌলত কাজির সাহিত্যকৃতির পরিচয় তুলে ধরো।

★ ★ ★



vivo Y20G
May 22, 2024